দৈনিক বাংলা

তারিখ ... 11 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

34

# ছাত্র সংঘর্ষে ২৫ জন আহত : দেবেন্দ্র কলেজ বন্ধ

।। স্টাফ রিপোর্টার ।।

মানিকগঞ্জ, ১০ই অক্টোবর।– একটি ছাত্র সংগঠনের একজন কর্মীর জাতীয়তাবাদী ছাত্রদলে যোগদানকে কেন্দ্র করে রোববার দুপুরে মানিকগঞ্জ সরকারী দেবেন্দ্র কলেজে ছাত্রলীগ (না–শা) ও ছাত্রদলের মধ্যে এক সংঘর্ষে ২৫ জন আহত হয়েছে।

সংঘর্ষের পর কলেজ অনির্দিষ্ট-কালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে।

এক পর্যায়ে দুই দলের ছাত্ররা

(৫–এর পৃঃ দ্রঃ)

## কলেজ বন্ধ

(প্রথম পৃঃ পর)

জেলা জাসদ ও বিএনপি কার্যালয়, একটি বাড়ি ও ভিডিওর দোকান ভাঙচুর করে। পুলিশ ৫ জনকে গ্রেফতার করেছে।

আহতদের মধ্যে জেলা ছাত্র লীগ (না–শা) নেতা ও কলেজ ছাত্র সংসদের ভিপি মোতালেব হোসেন এবং বিএনপি কর্মী ফয়জুল্লাহর (২৬) অবস্থা আশংকাজনক।

এ ঘটনার প্রতিবাদে কাল মানিক-গঞ্জে হরতাল আহ্বান করা হয়েছে।